চট্টগ্রামে এরশাদ ও ঢাকায় হাদি গুলিবিদ্ধের ঘটনায় ময়মনসিংহে বিএনপির বিক্ষোভ মিছিল দোয়া

আইয়ুব আলী, ময়মনসিংহ:: চট্টগ্রাম মহানগর বিএনপি’র আহ্বায়ক চট্টগ্রাম-৮ আসনের বিএনপি মনোনীত প্রার্থী এরশাদ উল্লা এবং ঢাকা-৮ আসনের স্বতন্ত্র প্রার্থী ও ইনকিলাব মঞ্চের মুখপাত্র শরীফ ওসমান হাদিকে সন্ত্রাসীরা গুলিতে আহত করার প্রতিবাদে ময়মনসিংহ দক্ষিন জেলা বিএনপি, মহানগর বিএনপি ও এনসিপির উদ্যেগে দোয়া বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সমাবেশ করেছে।
আজ শনিবার (১৩ ডিসেম্বর) দুপুরে নগরীর হরিকিশোর রায় রোডস্থ বিএনপির দলীয় কার্যালয় সামনে প্রথমে সংক্ষিপ্ত সমাবেশ করে নেতাকর্মীরা। এরপর একটি বিক্ষোভ মিছিল বের হয়ে নগরীর প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে দলীয় কার্যালয়ে এসে শেষ হয়। এদিকে একই ঘটনায় বিকেলে বিক্ষোভ মিছীর ও প্রতিবাদ সমাবেশ করেন ময়মনসিংহ মহানগর বিএনপি। এদিকে দুপুর বারোটায় একই কর্মসুচীতে এনসিপির উদ্যেগে নগরে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সমাবেশ করে ছাত্র-জনতা। বিএনপির কর্মসুচীতে উপস্থিত ছিলেন, দক্ষিণ জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক আলমগীর মাহমুদ আলম, দক্ষিণ জেলা যুবদলের ভারপ্রাপ্ত সভাপতি রিয়াজুর ইসলাম মামুন, সাধারন সম্পাদক এড দিদারুল ইসলাম রাজু, ছাত্রদলের সভাপতি শফিকুল ইসলাম শফিক, সাধারন সম্পাদক রাকিব, জেলা দক্ষিণ স্বেচ্ছাসেবক দলের সভাপতি শহিদুল আমিন খসরু, সদস্য সচিব সোহেল খান, দক্ষিণ জেলা শ্রমিক দলের সভাপতি আবু সাঈদ, কোতোয়ালি বিএনপির সিনিয়র যুগ্ম আহ্বায়ক ইয়াহিয়া আহমেদ শাহীন প্রমুখ।